

এই গির্জা তৈরীতে মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন সাহায্যের হাত বাড়িয়ে দেয় এবং ৫০ লক্ষ টাকা অনুদান হিসাবে প্রদান করেন হয়। এইটাকা সদস্যদের ডিভিডেন্টের এর সাথে সমন্বয় করা হয়।

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের চলমান প্রকল্প-সমূহঃ

সমিতির সদস্যদের আর্থিক উন্নয়নের কথা মনে করে, বিভিন্ন সময়ে সমিতির কর্মকর্তাগণ বিভিন্ন প্রকল্প ও সেবা কার্যক্রম শুরু করেন। এরপ কয়েকটি প্রকল্পের সংক্ষিপ্ত বর্ণনা দেয়া হলো-

সঞ্চয়ী আমানত

সঞ্চয়ী আমানত সমিতির সদস্যদের জন্য অত্যন্ত কার্যকর একটি সঞ্চয়ী প্রকল্প। এ কার্যক্রম শুরু করা হয় ১৯৮৭ খ্রিস্টাব্দে। সর্বনিম্ন জমা ১০ টাকা। সঞ্চয়ী আমানতের উপর ৬.৫০% হারে সুদ প্রদান করা হয়। প্রথম বছরে সঞ্চয় আমানত সংগৃহীত হয়েছিল ৪৬,৩০৪.৭১ টাকা যা বর্তমানে প্রায় ৯২,৬৬২,২০২ টাকা সঞ্চয়ী আমানত রয়েছে।

স্থায়ী আমানত

স্থায়ী আমানত কার্যক্রম শুরু হয়েছে ১৯৯৮ খ্রিস্টাব্দে। স্থায়ী আমানত ৫,০০০/= টাকা থেকে শুরু করে উপরে যে কোন পরিমান টাকা আমানত হিসাবে বিনিয়োগ করা যায়। স্থায়ী আমানতের উপর নিম্ন লিখিত হারে সুদ প্রদান করা হয়ে থাকে। ৬ মাস মেয়াদী আমানত ৮.৫০%, ১২ মাস মেয়াদী আমানত ৯.০০%, ২৪ মাস মেয়াদী আমানত ৯.৫০%, ৩৬ মাস মেয়াদী আমানত ১০.০০% ও ৬০ মাস মেয়াদী আমানত ১০.৫০%। বর্তমানে প্রায় ৪১,৩৪৫,১১৪ টাকা স্থায়ী আমানত রয়েছে।

শিশু সেভিংস ক্ষীম

আমাদের আগামী প্রজন্ম যারা ভবিষ্যৎ সমবায়ী নেতা হিসাবে সমাজে শেত্ত্ব দেবেন, সমিতির হাল ধরবেন, তাদের ভবিষ্যৎ ও অর্থ-সামাজিক অবস্থা মজবুত করার জন্য শিশু সেভিংস ক্ষীম কার্যক্রম শুরু হয়েছে ৬ অক্টোবর ২০০০ খ্রিস্টাব্দে। এই আমানতের উপর ৯.০০% হারে সুদ প্রদান করা হয়। মঠবাড়ী ধর্মপন্থীর আওতাভুক্ত ১ দিন হতে ৭ বছরের সকল শিশু এ কার্যক্রমের আওতায় পড়ে। এ ক্ষীম ১০ ও ১৫ বৎসর মেয়াদী প্রযোজ্য। এ ক্ষীম ১০০, ২০০, ৩০০, ৫০০, ১,০০০, ২,০০০, ৩,০০০, ৪,০০০ ও ৫,০০০ টাকার খোলা যায়। বর্তমানে প্রায় ৭,৯৪০,৯৭৩ টাকা আমানত রয়েছে।

দীর্ঘ মেয়াদী সেভিংস ক্ষীম

দীর্ঘ মেয়াদী সেভিংস ক্ষীম কার্যক্রম শুরু হয়েছে ৬ অক্টোবর ২০০০ খ্রিস্টাব্দে। এ ক্ষীমের উপর ৯.০০% হারে সুদ দেওয়া হয়। মঠবাড়ী ধর্মপন্থীর ৭ বছরের উর্ধ্বে সকলের জন্য এ ক্ষীম প্রযোজ্য। এ ক্ষীম ১০০, ২০০, ৩০০, ৫০০, ১,০০০, ২,০০০, ৩,০০০, ৪,০০০ ও ৫,০০০ টাকার এ আমানত প্রকল্প মাসের যে কোন তারিখে ৫, ১০ ও ১৫ বছর মেয়াদে শুরু করা যায়। বর্তমানে প্রায় ৮,৮০৯,৩৫৪ টাকা আমানত রয়েছে।

দ্বি-মাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় প্রকল্প

দ্বি-মাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় প্রকল্প একটি কার্যকর ও আয় বৃদ্ধিমূলক কার্যক্রম, যা শুরু করা হয় ০১/০৯/২০০৬ তারিখে। ৩ বছর মেয়াদে সুদ দেওয়া হতো ৯.৬%, বর্তমানে ৩ বছরের জন্য ৯.৭৫% এবং ৫ বছরের জন্য ১০.২০% সুদ দেওয়া হয়। প্রতিটি হিসাব ১,০০,০০০/= থেকে ২০,০০,০০০/= টাকা পর্যন্ত মাসের যে কোন তারিখের মধ্যে খোলা যায়। ৩ বছর মেয়াদে প্রতি লাখে ১,৬২৫/- ও ৬০ মাস মেয়াদে প্রতি লাখে ১,৭০০/- টাকা সুদ সদস্যের সঞ্চয়ী হিসাবে স্থানান্তর করা হয়। বর্তমানে প্রায় ১০,৩০৫০,০০০ টাকা আমানত রয়েছে।